



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd



ঢাকা

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২২.০২৪.২১.২৮৪

তারিখ: ২২ বৈশাখ ১৪২৮

০৫ মে ২০২১

বিষয়: খুলনা জেলার চুকনগর কলেজের জনাব সাধন কুমার বসু ও মোঃ সাইদুর রহমান সহকারী  
অধ্যাপকের পদবি সংযোজন প্রসঙ্গে।

খুলনা জেলার চুকনগর কলেজের জনাব সাধন কুমার বসু ও মোঃ সাইদুর রহমান সহকারী অধ্যাপকের পদবি সংযোজনের  
জন্য অধ্যক্ষ আবেদন করেন।

আবেদন যাচাই বাছাই করে দেখা যায়, জনাব সাধন কুমার বসু ২৬/০৬/১৯৮৬ খ্রি. তারিখে যোগদান করে ০১/০৬/১৯৯২  
খ্রি. তারিখে এমপিওভুক্ত হন এবং ০১/০৯/২০০৫ খ্রি. তারিখে সহকারী অধ্যাপকের স্কেল প্রাপ্ত হন। জনাব মোঃ সাইদুর  
রহমান ০১/০৭/১৯৯৭ খ্রি. তারিখে যোগদান করে ০১/০২/১৯৯৮ খ্রি. তারিখে এমপিওভুক্ত হন এবং ০১/০২/২০০৬ খ্রি.  
তারিখে সহকারী অধ্যাপকের স্কেল প্রাপ্ত হন। প্রভাষক থেকে সহকারী অধ্যাপকের পদোন্নতির অনুপাত ৫:২। প্রতিষ্ঠান মোট  
প্রভাষক/সহকারী অধ্যাপক ছিলেন ২৯ জন, তার মধ্যে সহকারী অধ্যাপক ছিলেন ৯ জন। অনুপাত হিসেবে ২৯ জনে ৮.২৯  
জন সহকারী অধ্যাপক হওয়ার কথা। ৯ জন সহকারী অধ্যাপকের স্কেল প্রাপ্ত হয়েছেন। অতিরিক্ত ০২ জনের প্রাপ্যতা ছিলনা।  
বর্ণিত বিষয়টি মাউশি অধিদপ্তরের এমপিও সভায় উপস্থাপন করা হয়।

কমিটির সুপারিশ: জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুসারে প্রাপ্যতা বর্হিভূত সহকারী অধ্যাপকের বেতন কোড  
পাওয়ায় খুলনা জেলার চুকনগর কলেজের ০২ জন শিক্ষক জনাব সাধন কুমার বসু ও মোঃ সাইদুর রহমান এর বেতন কোড  
০৬ থেকে ০৯ এ অবনমন করতে হবে। সহকারী অধ্যাপক হিসেবে বেতন কোড ৬ এ এযাবত কালের সমুদয় গৃহীত অর্থ  
সরকারি কোষাগারে ফেরত প্রদান করার জন্য অধ্যক্ষকে পত্র প্রেরণ করতে হবে। জনবল কাঠামো ও এমপিও  
নীতিমালা-২০১৮ এর ১৭.৩ ধারা, ১৮.১(গ এবং ঙ) ধারা অনুসারে ব্যবস্থা গ্রহণ করার জন্য শিক্ষা মন্ত্রণালয়ে পত্র প্রেরণ  
করা এবং এ ধরনের ঘটনার যেন পুনরাবৃত্তি না ঘটে সে বিষয়ে সতর্ক করার জন্য অধ্যক্ষ এবং গভর্নিং বডি'র সভাপতিকে  
পত্র প্রেরণ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, কমিটির সুপারিশ অনুযায়ী সহকারী অধ্যাপক হিসেবে বেতন কোড ৬ এ এযাবত কালের সমুদয় গৃহীত অর্থ  
সরকারি কোষাগারে ফেরত প্রদান এবং এ ধরনের ঘটনার যেন পুনরাবৃত্তি না ঘটে সে বিষয়ে সতর্ক থাকার জন্য  
নির্দেশক্রমে অনুরোধ করা হইল।

৫-৫-২০২১

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক

বিতরণ :

১) সভাপতি, গভর্নিং বডি, চুকনগর কলেজ, খুলনা।


২) অধ্যক্ষ, চুকনগর কলেজ, খুলনা ( বেতন কোড ৬ এ  
এযাবত কালের সমুদয় গৃহীত অর্থ চালানের মাধ্যমে  
সরকারি কোষাগারে ফেরত দিয়ে কপি দাখিল করার জন্য  
অনুরোধ করা হলো। )

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২২.০২৪.২১.২৮৪/১

তারিখ: ২২ বৈশাখ ১৪২৮  
০৫ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা খুলনা অঞ্চল, খুলনা
- ২) জনাব সাধন কুমার বসু, প্রভাষক, চুকনগর কলেজ, খুলনা।
- ৩) জনাব মোঃ সাইদুর রহমান, প্রভাষক, চুকনগর কলেজ, খুলনা
- ৪) সংরক্ষণ নথি।



৫-৫-২০২১

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক